

## International Karate Championship

আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান উস্তি'র তৌফিক সিফাই



25 Sep 2023

by অনিল কুন্ডু

খেলা



## অনিল কুন্ডু -উস্তি

বাংলাদেশে আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়ে বাড়ি ফিরলেন মহম্মদ তৌফিক সিফাই। ছেলের এই সাফল্যে সোমবার বিকালে শিয়ালদহ দক্ষিণ শাখার দেউলা স্টেশনে ট্রেন থেকে নামার পর তাঁকে সংবর্ধিত করেন গর্ভধারিণী মা তাজমিনা বিবি। তাঁর ছেলে দেশের নাম উজ্জ্বল করেছে। তাঁর চোখ দিয়ে তখন বারে পড়ছে আনন্দাশ্রু। বিরল এই দৃশ্যের সাক্ষী ছিলেন ট্রেনের নিত্যযাত্রী থেকে স্থানীয় সাধারণ মানুষ। তাঁর বাড়ি দক্ষিণ ২৪ পরগনা জেলার উস্তির উত্তরকুসুম এলাকায়। গ্রামের ছেলের এই সাফল্যে খুশি স্থানীয় বাসিন্দারাও।

মহম্মদ তৌফিক সিফাই'র কথায়, বাংলাদেশের যশোরে সামসুল হুদা ইন্ডোর স্টেডিয়ামে আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতা হয়। বাংলাদেশ ক্যারাটে অর্গানাইজেশন আয়োজিত এই প্রতিযোগিতায় ভারত, বাংলাদেশ, নেপাল, ভুটানসহ ৬টি দেশের প্রতিযোগীরা অংশগ্রহণ করেন। ভারত থেকে মোট ১৬ জন ক্যারাটে প্রতিযোগী অংশগ্রহণ করেন। জুনিয়র ও সিনিয়র এই দুইটি বিভাগে প্রতিযোগিতা হয়। সেখানে সিনিয়র বিভাগে তিনি নেপালকে হারিয়ে তৃতীয় স্থান লাভ করেন। প্রথম ও দ্বিতীয় স্থান লাভ করেন বাংলাদেশের দুই প্রতিযোগী। তাঁর কথায়, ভারত থেকে তিনি একমাত্র এই সাফল্য পেয়েছেন। গত ২১ সেপ্টেম্বর বাংলাদেশের এই প্রতিযোগিতায় অংশ নিতে বাড়ি থেকে তিনি রওনা দেন। ২২ ও ২৩ সেপ্টেম্বর দুই দিনের এই প্রতিযোগিতার শেষে সোমবার বিকালে বাড়ি ফেরেন।

হতদরিদ্র পরিবার। তাঁর বাবা মইদুল সিফাই পরিযায়ী শ্রমিক। কেরালায় কাজ করেন। মা তাজমিনা বিবি সংসারের দায়িত্ব পালনের পাশাপাশি সেলাইয়ের কাজ করেন। তাঁরা দুই ভাই। বড় ছেলে মহম্মদ তৌফিক সিফাই। উস্তিতেই ক্যারাটে কোচিং সেন্টারে গত ৯ বছর ধরে প্রশিক্ষণ নিচ্ছেন তিনি। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি ২০ বছরের মহম্মদ তৌফিক

থাকলেও ভারত কংবা পাশ্চমবঙ্গে সরকার সংস্থা নেহ। তার আক্ষেপ, এদেশে এবং এ রাজ্যে স্পনশার্ডও পাওয়া যায়না। তিনি বলেন, অনেক আশা নিয়ে বাংলাদেশের এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছি। অলিম্পিকে অংশগ্রহণ করতে চান তিনি। সেইমতো নিজেকে প্রস্তুত করবেন। গ্রামের ছেলের এই সাফল্যে উত্তরকুসুম গ্রাম পঞ্চায়েত এলাকার আবাল বৃদ্ধবণিতারা ভীড় করেছেন তাঁর বাড়িতে।